অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

**বিজ্ঞপ্তি নং- ১৫২** তারিখ: ০৫/১০/২০২৩ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি (পাস) ১ম বর্ষ নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট, অকৃতকার্য, মানোন্নয়ন ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ফরম পূরণ সংক্রান্ত সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের পূর্ব শর্ত হিসেবে শিক্ষার্থীকে অবশ্যই ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

| কোর্সের নাম | ফিসের হিসাব: ফরমপূরণ ফি | | ২য় বর্ষের প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফি | সর্বমোট | ফরমপূরণ ফি প্রদান ও ফরম জমা দানের তারিখ |
|---|---|---|---|---|---|
| বিএ/বিএসএস/বিএসসি/বিবিএস (পাস)/সার্টিফিকেট কোর্স-১ম বর্ষ | নিয়মিত | ১৩০০ | ৯০০ | ২২০০ | অনলাইনে ফরম পূরণ: ০৫/১০/২০২৩ তারিখ হতে ১১/১০/২০২৩ তারিখ পর্যন্ত। |
| | অনিয়মিত | ১৬০০ | ৯০০ | ২৫০০ | |
| | প্রাইভেট | ১৩০০ | ২০০ | ১৫০০ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ: ১২/১০/২০২৩ তারিখ হতে ১৬/১০/২০২৩ তারিখ পর্যন্ত। |
| | সার্টিফিকেট কোর্স | ৮০০ | ২০০ | ১০০০ | পরীক্ষার আবেদন ফরম ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে ফি জমা দেওয়ার রশিদ কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ: ১৬/১০/২০২৩ তারিখ হতে ১৯/১০/২০২৩ তারিখ পর্যন্ত। উল্লিখিত তারিখের মধ্যে পরীক্ষার আবেদন ফরম কলেজ অফিসে জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হবে না। |
| | মানোন্নয়ন-১ পত্র | ৯০০ | - | ৯০০ | |
| | মানোন্নয়ন-২ পত্র | ১০০০ | - | ১০০০ | |
| | মানোন্নয়ন-৩ পত্র | ১১০০ | - | ১১০০ | |
| | মানোন্নয়ন-৪ পত্র | ১২০০ | - | ১২০০ | |
| | মানোন্নয়ন-৫ পত্র | ১৩০০ | - | ১৩০০ | |

| | |
|---|---|
| ফরমপূরণের নিয়মাবলী | ২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**http://nubd.info/formfillup**) এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ০৫/১০/২০২৩ তারিখ হতে ১১/১০/২০২৩ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডের গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |
| ফি জমাদানের নিয়মাবলী | নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০২১ সালের ডিগ্রি পাস -১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা Not Promoted হয়ে ২০২২ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বিকাশ /নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল/ Education Fee অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- October23 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ১২/১০/২০২৩ তারিখ হতে ১৬/১০/২০২৩ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে। বর্ণিত তারিখের পর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's Copy ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। |

| পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: | |
|---|---|
| (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| (খ)অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: | (i) ২০১৮-২০১৯,২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯,২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯,২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। (ii) ২০১৬-২০১৭,২০১৭-২০১৮,২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯ ,২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮,২০১৯,২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, সে সকল শিক্ষার্থীগণ "F" গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (iii) ২০১৬-২০১৭,২০১৭-২০১৮, ২০১৮-২০১৯,২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮,২০১৯ ,২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮,২০১৯ ,২০২০ ও ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted-C) হয়েছে, তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।<br>(iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। |
| (গ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: | ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯,২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষার্থী ও ২০১৮,২০১৯ , ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম বারের মত অংশগ্রহণ করে যে সকল কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত কোন কোর্সে মানোন্নয়ন পরীক্ষা দিয়ে C ও D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোনো সুযোগ নাই। |
| (ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা: | (i) ২০২২ সালে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (ii) ২০১৯,২০২০ ও ২০২১ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে , তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। |

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪,২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৪,২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৩-২০১৪,২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৪,২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরমপূরণ না করলে, ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষার অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোনো আবেদন করতে পারবে না। উক্ত পরীক্ষার্থীদের ফরমপূরন ফি- ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা।

সিলেবাস : ২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

০৫/১০/২০২৩

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। কলেজ ওয়েব সাইট: **www.chandpurcollege.edu.bd**
৩। অফিস নথি।